

১০/১১/০৭
২২

ঢাবির ভূয়া শিক্ষার্থীদের রক্ষা করতে এবার শিক্ষককে প্রাণনাশের হুমকি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার । ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে অবৈধ পন্থায় ভর্তি হওয়া শিক্ষার্থীদের রক্ষা করতে এবার শিক্ষকদের প্রাণনাশের হুমকি দেয়া হচ্ছে। শনিবার আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের এক শিক্ষককে প্রাণনাশের হুমকি দেয়া হয়। এই ঘটনায় বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা অফিসার শাহবাণু পানায় একটি সাধারণ ডায়েরি করেছে। আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ ভূয়া শিক্ষার্থী খুঁজে বের করতে একটি সার্চ কমিটি গঠন করে। সেই কমিটির অন্যতম সদস্য প্রডায়ক আদুল মন্সুর। এই কমিটি ৮০ ভূয়া শিক্ষার্থীকে খুঁজে বের করে। কয়েকদিন আগে তাদের তালিকা প্রো-উপাচার্যের কাছে জমা দেয়। কমিটির কাজ চলাকালেই আদুল মন্সুরকে একের পর এক হুমকি দেয়া হতে থাকে। রিপোর্ট জমা দেয়ার পর এই হুমকির সাক্ষ্য আরও বাড়তে থাকে। শুধু

তাকেই নয় কমিটির অন্য সদস্যদেরও হুমকি দেয়া হচ্ছে। এ অবস্থায় ভূয়া শিক্ষার্থী অনুসন্ধান প্রক্রিয়া গম্বকে যেতে পারে বলে সর্ঘশ্রী অনেকে আশঙ্কা করছে।

তদন্ত কাজে নিয়োজিত অনেক শিক্ষক নাম না প্রকাশ করার শর্তে বলেছেন, এই অভিযোগে বিশ্ববিদ্যালয় থেকে যেসব কর্মকর্তা-কর্মচারীদের সন্দেহিত করা হয়েছে তাদের ক্ষেত্রতার করে জিজ্ঞাসাবাদ করা হলেই দোষী সকলের নাম বের হয়ে আসত। কিন্তু তাদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা না নেয়ায় এখন শিক্ষকদের হুমকি দেয়া হচ্ছে, যাতে তদন্ত কাজ বন্ধ করে দেয়া হয়।